

আইসিই আউট!

NYC

আইসিই আউট! NYC হচ্ছে আমাদের সিটিকে ইউএস ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট (ICE) এর আমাদের কমিউনিটিসমূহের সদস্যদের আটক ও ডিপোর্ট করার ষড়যন্ত্র করা থেকে বিরত করার একটি প্রচারাভিযান।

আমরা নিউইয়র্ক সিটি কাউন্সিলে আইন পাস করার জন্য লড়াই করছি:

নিউ ইয়র্ক সিটির ডিপার্টমেন্ট অফ কারেকশন (DOC) এবং ICE (ইনট্রো ১৮৫) এর মধ্যে যোগাযোগ সীমিত করা

ইনট্রো ১৮৫

ইমিগ্রেশন সংক্রান্ত আটককারী হিসেবে লোকজনকে আটক করে রাখার ব্যাপারে নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্টের (NYPD) সামর্থ্য সীমিত করা

ইনট্রো ১৮৪

ইমিগ্র্যান্ট নিউ ইয়র্কাররা, যারা আটক রাখার আইন লঙ্ঘন করার কারণে ক্ষতিগ্রস্ত হয়েছেন, তাদের বিচার পাওয়ার এক পথ বের করা।

ইনট্রো ১৫৮

আইসিই -এর সঙ্গে মিশে ষড়যন্ত্র করা থেকে সিটির এখতিয়ার সীমিত করার উদ্দেশ্যে নিউ ইয়র্কাররা বছরের পর বছর ধরে লড়েছে।

২০১৪ সালে, সিটি কাউন্সিল আইন পাস কর সীমাবদ্ধ করেছে যে NYPD এবং DOC কখন আইসিই -এর একজন আটককারীকে গুরুত্ব দিবে এবং কার তথ্য তারা 'আইসিই' এর সাথে শেয়ার করতে পারবে। আইসিই এর একজন আটককারীকে যদি NYPD এবং DOC কর্তৃক সম্মান জানাতে হয়, তাহলে সেক্ষেত্রে আইনের শর্ত হচ্ছে আইসিই-কে একজন ফেডারেল জজ এর স্বাক্ষরিত গ্রেফতারি পরোয়ানা উপস্থাপন করতে হবে। আইনে এই লক্ষ্যগুলো স্থির থাকা সত্ত্বেও, সিটি কর্তৃপক্ষ লোকজনকে আইসিই-এর হেফাজতে তুলে দিচ্ছে।

একজন বন্দী (বা 'হোল্ড') হচ্ছে 'আইস' এর একটি কৌশল, যা কাউকে গ্রেফতারে সাহায্য করার জন্য সিটির কোনো এজেন্সিকে বলার জন্য ব্যবহার করে। এগুলো কোনো জজের দ্বারা স্বাক্ষরিত নয় এবং সেগুলো পালন করার কোনো প্রয়োজন নেই।

সিটি এজেন্সিসমূহ



আইসিই



ইনট্রো ১৮৫

সমস্যা: ডিপার্টমেন্ট অফ কারেকশনের কর্মীরা ইমিগ্রেশন ডিটেনশনে থাকা ব্যক্তিগণ কখন মুক্তি পাবেন তা আইসিই'কে জানিয়ে দেয়, যাতে আইসিই তাদের পুনরায় আটক করতে পারে। ডিপার্টমেন্ট অফ কারেকশন বিশ্বাস করে যে তারা আইসিই সঙ্গে জড়িত হয়ে কাজ করতে পারে, যদি একজন ব্যক্তি সুনির্দিষ্ট অপরাধে দোষী সাব্যস্ত হয় অথবা ভুলক্রমে কোনো সরকারি নজরদারির তালিকায় থাকে, এমনকি আইসিই এর কাছে কোনো ফেডারেল জজের স্বাক্ষরিত কোনো ওয়ারেন্ট না থাকে, সেক্ষেত্রেও তারা আইসিই-কে সহযোগিতা করতে পারে। এর ফলে অতীতের কোনো বর্ণবাদী অপরাধ আইনি ব্যবস্থায় আইসিই এর দ্বারা গ্রেফতারকৃত লোকজন শাস্তি ভোগ করে, যা ইমিগ্রান্টদের রক্ষা করার ক্ষেত্রে সিটির প্রতিশ্রুতিকে ক্ষুণ্ণ করে, পরিবারগুলিকে ছিন্ন ভিন্ন করে দেয় এবং দীর্ঘস্থায়ী দুর্ভোগ সৃষ্টি করে।

সমাধান: এই বিলটি সুস্পষ্ট করে দেয় যে ডিপার্টমেন্ট অফ কারেকশন একজন ফেডারেল জজের স্বাক্ষরিত গ্রেফতারি পরোয়ানা ছাড়া আইসিই এর উদ্দেশ্য কার্যকর করার জন্য আইসিই এর সঙ্গে যোগাযোগ পারবে না। এটি আরও নিশ্চিত করে যে সিটি কাউকে দু'বার শাস্তি দেওয়ার ক্ষেত্রে অংশগ্রহণ করবে না - তাদের অপরাধ কর্মের জন্য শাস্তি এবং ডিপোর্টেশন ঝুঁকিসহ।

ইনট্রো ১৮৪

সমস্যা: স্টেটের আইনে আইসিই-এর জন্য কোনো ব্যক্তির মুক্তি লাভের নির্ধারিত তারিখের পর আটক রাখা কোনো আইন প্রয়োগকারী সংস্থার জন্য নিষিদ্ধ, যদি না আইসিই একজন ফেডারেল জজের দ্বারা স্বাক্ষরিত এশটি গ্রেফতারি পরোয়ানা উপস্থাপন করতে পারে, যা কখনো ঘটে না। তবুও সিটির বর্তমান আইনে রয়েছে যে NYPD কোনো ব্যক্তিকে গ্রেফতারি পরোয়ানা ছাড়াই আইসিই এর জন্য আটক রাখতে পারে, যদি তাদের ক্ষেত্রে পূর্বে দোষী সাব্যস্ত হওয়ার প্রমাণ থাকে এবং পূর্বে ডিপোর্ট করার পর দেশে পুনরায় প্রবেশ করে থাকে, অথবা তারা কোনো বিভ্রান্তিকর সরকারি নজরদারির তালিকায় থাকে। আইনের এই বিভ্রান্তিকর ভাষা লোকজনকে আটক রাখার ব্যাপারে ঘণচউ কে উৎসাহিত করে, যা নিউ ইয়র্ক স্টেটের আইনের পরিপন্থী।

সমাধান: এই বিলটি একজন ফেডারেল জজের দ্বারা স্বাক্ষরিত গ্রেফতারি পরোয়ানা ছাড়াই আইসিই এর জন্য কোনো ব্যক্তিকে NYPD'র আটক রাখা নিষিদ্ধ করবে, স্থানীয় আইনকে স্টেটের আইনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ করে এবং নিউ ইয়র্ক সিটির আইনে এই ফাঁক বন্ধ করতে বলেছে।

ইনট্রো ১৫৮

সমস্যা: যখন আটক রাখার আইন লঙ্ঘিত হচ্ছে তখন সাধারণ নিউ ইয়র্কারদের জন্য তাদের অধিকার লঙ্ঘনের অভিযোগে অফিসারদের এবং এজেন্সিগুলোকে জবাবদিহিতার আওতায় আনার জন্য বর্তমানে কোনো উপায় নেই।

সমাধান: এই বিলটি একটি ব্যক্তিগত পদক্ষেপ গ্রহণের অধিকার সৃষ্টি করবে, যা একজন ব্যক্তিকে তার অধিকার প্রয়োগ করার জন্য আইনি পদক্ষেপ গ্রহণের সুযোগ দেয়, যাতে সিটির এই আইন লঙ্ঘনের কারণে নির্যাতিত ব্যক্তির অর্থ প্রদানের সুবিধাসহ আদালতে সুবিচার চাইতে পারে। যখন নিউ ইয়র্ক সিটির বিভাগগুলো আটক রাখার স্থানীয় আটককারী আইনকে অগ্রাহ্য ও ভুল ব্যাখ্যা করে তখন ইমিগ্রান্ট নিউ ইয়র্কার এবং তাদের কমিউনিটি দীর্ঘকালীন ক্ষতির সম্মুখীন হয়। এই বিলটি নিশ্চিত করবে যে যখন এ ধরনের ঘটনা ঘটবে, তখন ডিপার্টমেন্ট অফ কারেকশন এবং NYPD এর পরিণতি ভোগ করবে, আইনের যথাযথ অনুসরণ নিশ্চিত করবে এবং ইমিগ্রান্ট নিউ ইয়র্কারদের পরিবারের বিচ্ছিন্নকরণ প্রতিরোধ করবে।

আমাদের সঙ্গে যোগ দিন!

